

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
তথ্য ভবন
১১২ সার্কিট হাউস রোড, ঢাকা-১০০০।
www.dfp.gov.bd

নং-১৫.৫৭.০০০০.০০১.২৫.০০১.২১. (অংশ-০১)

তারিখ: ১৫ চৈত্র, ১৪২৯
০৮ এপ্রিল, ২০২৩

অফিস আদেশ


চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্ম পরিকল্পনা, ২০২২-২৩”- এর কার্যক্রম [১.১.১] এ ‘সেবা সহজিকরণ/ডিজিটাইজেশনের মাধ্যমে ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়িত’ বিষয়ে বাধ্যবাধকতা রয়েছে। এ অধিদপ্তরের সিটিজেন্স চার্টারভুক্ত প্রাতিষ্ঠানিক সেবাসমূহ (১) অনলাইনের মাধ্যমে চলচ্চিত্র ও প্রকাশনা পাঠযোগ্যরূপে প্রদর্শনসহ বিভিন্ন অধিদপ্তরের প্রকাশনার জন্য বিভিন্ন লেখকের কাছ থেকে লেখা বা বিষয়বস্তু সংগ্রহ (২) সংবাদ পত্র মিডিয়া তালিকাভুক্ত করণের তথ্য গ্রহণ এবং (৩) ডকুডামা, সংবাদচিত্র ও বিশেষ সংবাদচিত্র ভিডিও প্রদর্শনকে সেবায় আওতাভুক্ত করা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর ‘ডিজিটাল ডিএফপি’ শিরোনামে একটি ডিজিটাইজেশন সফটওয়্যার সংগ্রহ করেছে। এই সফটওয়্যারের ডিজিটাইজেশন শেষে কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে সফটওয়্যার ডোমেইন/হোস্টিং বুঝে নেওয়া ও কার্যক্রম পরিচালনার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তা ও কর্মচারীদের সমন্বয়ে কমিটি গঠন করা হলো। এ অধিদপ্তরের প্রকাশনা, বিজ্ঞাপন ও নিরীক্ষা ও চলচ্চিত্র শাখাকে উপর্যুক্ত সেবাসমূহের মাধ্যমে নথির কার্যক্রম পরিচালনা করার জন্য নিম্নবর্ণিত কমিটিকে নির্দেশ প্রদান করা হলো।

ক) সার্বিক কার্যক্রম ও সফটওয়্যার ডোমেইন/হোস্টিং পরিচালনা কমিটি		
ক্র: নং	নাম- জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়	পদবী ও শাখা
১.	চৌধুরী সাহেলা পারভীন	উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
২.	ইসরাত জাহান	উপপরিচালক (প্রকাশনা)
৩.	মোহাম্মদ সায়েম হোসেন	উপপরিচালক (চলচ্চিত্র)

খ) কার্যক্রমে তথ্য ইনপুট প্রদান সম্পর্কিত কমিটি		
ক্র: নং:	নাম (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)	পদবী ও শাখা
১	মো. আসাদুজ্জামান খান	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (বিজ্ঞাপন ও নিরীক্ষা)
২	মাইদুল ইসলাম	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (প্রকাশনা)
৩	মো. তোফাজুল হক	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (চলচ্চিত্র)

কমিটি (ক) ডিজিটাইজেশনের সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ ও পরিবীক্ষণ করবে। ডিজিটাইজেশনের ক্ষেত্রে সঠিকভাবে সফটওয়্যার কাজ করছে কি না এবং তথ্য হালনাগাদের কাজ যথাসময়ে সম্পাদিত হচ্ছে কি না তা পরিবীক্ষণ পূর্বক কর্তৃপক্ষকে অবহিত করবে।
কমিটি (খ) এ অধিদপ্তর কর্তৃক প্রস্তুতকৃত ডোমেইনে প্রদর্শনযোগ্য উপকরণসমূহ আপলোড করা এবং লেখকদের প্রাপ্ত লেখা সম্পর্কে যথাযথ শাখাকে অবহিত করার দায়িত্ব পালন করবে। কোন সংবাদপত্র মিডিয়া তালিকাভুক্তির জন্য আবেদন ও প্রয়োজনীয় তথ্য ডোমেইনে জমা দিলে তা সংশ্লিষ্ট শাখাকে অবহিত করবে।

উভয় কমিটির সকল কার্যক্রম এ অধিদপ্তরের পরিচালক জনাব মোহাম্মদ আলী সরকার তদারকী করবেন।


০৫.০৪.২০২৩

স.ম. গোলাম কিবরিয়া

মহাপরিচালক

ফোন: ৮৩৩১০৩৪

ইমেইল: dq@dfp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ:

- ১। পরিচালক/সিনিয়র সম্পাদক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক/সম্পাদক/চিত্র প্রযোজক (সকল), চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সহকারী পরিচালক (সকল)/আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ৪। ক্যাশ শাখা/বিল ও বাজেট শাখা/হিসাব রক্ষক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ৫। সংশ্লিষ্ট কর্মচারী..... চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা।
- ৬। ওয়েবসাইট/অফিস কপি।